



## তুমি যেন দেয়ালে টাঙ্গানো রঙ্গিন ছবি

আতিক রহমান / সিডনি

রঙ্গিন মোড়কে জড়ানো সমাজে তোমায় ঝাপসা লাগে  
মনের আয়নায় স্পষ্ট দেখতে পাই তুমি এক স্বজন।  
রবীন্দ্র সঙ্গীতের তালে তালে তোমার মাথা দোলে  
বুঝতে পারি তুমি যেন শাস্ত্র এক কবিতার জন।

অমানিশার গাঁ ছম ছম কালো আঁধার রাতে  
তুমি যেন ভরা জোৎস্নার এক ঝলক রূপালী হাসি।  
বিষন্নতায় ভরা গুমোট কালো অন্ধকার ঘরে  
তুমি যেন দেয়ালে টাঙ্গানো একটি রঙ্গিন ছবি।

কাঠফাঁটা রৌদ্রের চৈত্র দুপুরে বিমূর্ত ধরনীর  
তুমি যেন এক পসলা বৃষ্টির মিস্টি ছোঁয়া  
শরত প্রভাতে শিশির ভেজা নির্মল দুর্বাঘাসে  
তুমি যেন একগুচ্ছ সফেদ শেফালী খুঁজে পাওয়া।

June 2011 / Beaumont Hills